

## ইবিতে চাকরির দাবিতে ভিসি অফিসে ছাত্রলীগের তালা

বিশ্ববিদ্যালয়ের গাড়ি চলাচলে বাধা

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিষি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে আবারও চাকরির দাবিতে ভিসি অফিসে তালা ও ভাঙুর করে ছাত্রলীগ প্রত্যাশী-ছাত্রলীগের মাঝে কক্ষের। বুধবার সকাল সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনে অবস্থিত ভিসি অফিসে তালা লাগিয়ে দেয় তারা। একই দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের বহনকারী গাড়ি চলাচলে বাধা দেয় চাকরি প্রত্যাশীরা। এতে চরম ভোগান্তিতে পড়তে হয় শিক্ষক-শিক্ষার্থীদের। চরম ক্ষেত্র প্রকাশ করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা।

প্রত্যক্ষদর্শী ও ভিসি অফিস সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পদে চাকরির দাবিতে আবারও ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকারের কার্যালয়ে তালা লাগিয়ে দেয় চাকরি প্রত্যাশী (সেভেন সিংগার), গ্রুপ। বুধবার সকাল সাড়ে ১০টার দিকে ছাত্রলীগের মাঝে কক্ষের চাকরি প্রত্যাশী মোহাম্মদ হাসান মেলন, তৌফিকুর রহমান হিটলার, আশিকুর রহমান জাপান, টিটু, কাশেম এবং বহিরাগত সনাতন, শিকুলসহ বেশ কয়েকজন চাকরি প্রত্যাশী ভিসি অফিসে প্রবেশ করে। এ সময় তারা দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের অফিস থেকে বের করে দিয়ে তালা লাগিয়ে দেয় এবং চাবি নিয়ে চলে যায়। এ বিষয়ে ভিসি অফিসের নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা বলেন, অফিসে ঢুকেই চাকরি প্রত্যাশীরা আমাদের অফিস থেকে বের হয়ে যেতে বলেন এবং চাকরি না দেয়ার কারণে ফুক হয়ে তারা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে গালিগালাজ করেন। তিনি আরও বলেন— ঘটনার সময় ভিসি প্রফেসর ড. আবদুল হাকিম সরকার টিএমসিসিতে একটি অনুষ্ঠানে ছিলেন। মধ্য পয়ে বিশ্ববিদ্যালয়ের প্রো.ভিসি প্রফেসর ড. শাহিনুর রহমানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. আব্দুল হাকিম, ইবি থানার ওসি শরিফুল ইসলাম জনকনহ বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি ঘটনাস্থলে আসেন ও প্রকৌশল অফিসের সহযোগিতায় ভিসি অফিসের তালা ভেঙে ভেঙে প্রবেশ করেন। একই দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের বহনকারী গাড়ি চলাচলে বাধা দেয় চাকরি প্রত্যাশীরা। এতে পূর্বনির্ধারিত ১২টা এবং ২টার শিফটের গাড়ি চলাচল বন্ধ হয়ে যায়। এতে চরম ভোগান্তিতে পড়ে শিক্ষক-শিক্ষার্থীরা। পরে বেলা আড়াইটার দিকে ছাত্রলীগের বর্তমান কমিটির নেতাসহ চাকরি প্রত্যাশীদের সঙ্গে দফায় দফায় বৈঠক করে সমাধানে পৌছলে বেলা ৩টার দিকে বিশ্ববিদ্যালয়ের গাড়ি চলাচল স্বাভাবিক হয়।

ঘটনার ব্যাপারে জানতে চাইলে ছাত্রলীগের মাঝে নেতা ও চাকরি প্রত্যাশী টিটু বলেন, অ্যাডহক ভিত্তিতে বিএনপি নেতার এক আত্মীয়কে বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে লিপিকুশপী পদে চাকরি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। অথচ ছাত্রলীগের অনেক ডায়ালী ও পরীক্ষিত নেতাকর্মীকে বিশ্ববিদ্যালয় প্রশাসন চাকরি দিয়েছে না। তাই আমরা ফুক হয়েই ভিসি অফিসে তালা দিয়েছি।